গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪০.১৯-৪১৬ তারিখঃ ০৩ ভাদ্র ১৪২৬ / ১৮ আগস্ট ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৫৪০০/১০ মামলায় গত ০২.০২.১১ তারিখের রায়, আপিল মামলা নং-১১০০/১২ এর ০৯.০২.১৪ তারিখের রায়ের নির্দেশনা এবং কনটেম্পট পিটিশন নং-১৭৬/১৯ মামলার নির্দেশনা অনুযায়ী খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ, তেলিগাতী, খুলনা এর শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০৬.০৫.১০ থেকে ৩০.০৬.১৪ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) সংক্রান্ত।

সূত্র:
(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা; ১৩/এমপিও-২/২০০৮(অংশ-২)/১৬৩, তারিখ: ২৬/৬/২০১৪ খ্রি:।
(২) টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০১০.১৮-১৮২, তারিখ: ৩১/৩/২০১৯ খ্রি:।
(৩) অধ্যক্ষ, খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজ এর স্মারক নং- কেটিবিএমসি/৩৪৫/১৯, তারিখ: ১৮/০৬/২০১৯ খ্রি:
(৪) টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০১০.১৮-৩০০, তারিখ: ১০/৭/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার দিঘলিয়া উপজেলাধীন খানজাহান আলী টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজটি এমপিওভুক্তির জন্য ০১.০১.১০ তারিখ হতে কার্যকারিতা দিয়ে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.০৫.১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিও প্রদানের জন্য প্রকাশিত তালিকায় নির্বাচিত করা হয়।

২। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই মন্ত্রণালয়ের ১৬.০৬.১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম এমপিও তালিকা হতে বাতিল করা হয়। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ, জনাব আব্দুর রশিদ বিশ্বাস কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৫৪০০/১০ মামলা দায়ের করা হয়।

৩। উক্ত রিট মামলায় বিগত ১৫.১২.১০ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নোক্ত রায়/আদেশ প্রদান করা হয়:
"The respondetns are hereby directed to enlist the name of the respective College in the MPO list within a period of 90 days from the date of receipt of this judgment and order provided those Colleges fulfill the requirements as provided in "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 4.2.2010. অর্থাৎ মহামান্য হাইকোর্ট কর্তৃক শুধুমাত্র উক্ত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির জন্য নির্দেশনা দেয়া হয়েছে বকেয়া প্রদান বিষয়ে কোন নির্দেশনা দেয়া হয়নি।

৪। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১১০০/১২ মামলা দায়ের করা হলে মাননীয় আপিল আদালত কর্তৃক বিগত ০৯.০২.১৪ খ্রি: তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-
"The leave petition is out of time by 442 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. As such, the leave petition is dismissed as barred by limitation." এর ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

৫। উক্ত আপিল মামলার রায়ের আলোকে রিট মামলার রায় বাস্তবায়নের নিমিত্ত আরো অন্যান্য ০৫টি প্রতিষ্ঠানের সাথে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর নির্দেশনা দিয়ে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় হতে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে পত্র জারি করা হয়। তৎপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক জুলাই/২০১৪ মাস হতে বকেয়াসহ আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করা হয়েছে মর্মে মে/২০১৫ মাসের এমপিও সীট হতে স্পষ্ট হয়।

৬। এক্ষণে পিটিশনার কর্তৃক ০৬.০৫.১০ হতে ৩০.০৬.১৪ তারিখ পর্যন্ত বকেয়া (এমপিও) প্রাপ্তির বিষয়ে সচিব, টিএমইডি বরাবর সূত্রোক্ত (৩) মূলে দাখিলকৃত আবেদনে নিম্নরূপ দাবী/বর্ণনা করা হয়েছে-

(ক) "যেহেতু শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.০৫.১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে ২০০৯-২০১০ অর্থবছর হতে কার্যকারিতা দেওয়া হয়েছিল এবং রিট মামলার রায়ের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬.০৫.১০ তারিখের ১৮৪ নং স্মারকের আংশিক বহাল তথা প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করা হয়েছে সেহেতু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের বিষয়ে মহামান্য হাইকোর্টের রায়টি বহাল থাকায় ২০০৯-২০১০ অর্থবছর থেকে অর্থাৎ স্মারক নং-শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪, তারিখ: ০৬/৫/২০১০ এর জারীকৃত আদেশের ৭ নং ক্রমিকের সিদ্ধান্ত "(২০০৯-২০১০ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এমপিওভুক্তির সরকারি আদেশ ০১/০১/২০১০ খ্রি: তারিখ থেকে কার্যকর হবে" মোতাবেক ০৬/৫/২০১০ হতে ৩০/০৬/২০১৪ তারিখ পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্তির প্রার্থনা করছি"

(খ) রায়ের ৬ নং পাতায় বর্ণিত প্রতিষ্ঠানের বিষয়ে নিম্নোক্ত বর্ণনা করা হয়েছে মর্মে আবেদনে উল্লেখ করা হয়-
"Ultimately the respondent no 2 under the singnature of the respondent no 4 vide memo no 184, date 06.5.10 included the name of the petitioner's Colleges in the list of MPO for the term 2009-2010 giving effect from 01.01.2010 posting the name of the College at serial no 77".

(গ) অর্থাৎ রায়ের বিশ্লেষণ অংশে বকেয়া বিষয়ে বক্তব্য থাকলেও রায়ের চুড়ান্ত আদেশের অংশে বকেয়া বিষয়ে কোন নির্দেশনা নেই।

চলমান পাতা নং- ০২